

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখ : ১৩ আষাঢ়, ১৪১৪ বঙ্গাব্দ/ ২৭ জুন, ২০০৭ খ্রিস্টাব্দ।

এস.আর.ও নং ১৪৪-আইন/২০০৭/২১৪৩/শুল্ক।- The Customs Act, 1969 (IV of 1969) এর section 19(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, উক্ত Act এর FIRST SCHEDULE এর Heading No. 48.01 এর বিপরীতে বর্ণিত নিউজপ্রিন্ট কাগজ, অতঃপর পণ্য বলিয়া উল্লিখিত, সংবাদপত্র ও সাময়িকী প্রকাশকগণ কর্তৃক, আমদানি করা হইলে উহার উপর আরোপনীয় সমুদয় আমদানী শুল্ক নিম্ন বর্ণিত শর্তাধীনে মওকুফ করিল, যথাঃ-

- (১) পণ্য আমদানির পরিমাণ তথ্য মন্ত্রণালয় এবং বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক যৌথভাবে নির্ধারিত বাৎসরিক এনটাইটেলমেন্ট বা কোটার অনধিক হইতে হইবে; এবং
- (২) সংবাদপত্র ও সাময়িকী প্রকাশকগণ কর্তৃক পণ্য আমদানি করা হইয়াছে এবং এক বা একাধিকবার আমদানি করা হইলেও উহা শর্ত (১) মোতাবেক নির্ধারিত বাৎসরিক এনটাইটেলমেন্ট বা কোটার অতিরিক্ত নহে এই মর্মে তথ্য মন্ত্রণালয় ও বাণিজ্য মন্ত্রণালয় এর অনূ্যন যুগ্ম সচিব পদমর্যাদাসম্ভূ একজন করিয়া কর্মকর্তার যৌথ স্বাক্ষরিত প্রত্যয়নপত্র শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

০২। অত্র বিভাগের ১৫ শাবন, ১৪০৮ বাংলা মোতাবেক ৩০ জুলাই, ২০০১ ইংরেজী তারিখের প্রজ্ঞাপন নং- এস.আর.ও ২১১-আইন/২০০১/১৯১৩/শুল্ক, এতদ্বারা বাতিল করা হইল।

০৩। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০০৭ খ্রীষ্টাব্দ/১৭ আষাঢ়, ১৪১৪ বঙ্গাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-  
(বদিউর রহমান)  
সচিব।